

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর  
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০

পত্র নং- বাঃ স্কাঃ (প্রশাঃ ২০৬)/৩১৯৭(২৭৫)/২০১৯

তারিখ : ১৪ চৈত্র ১৪২৫  
২৮ মার্চ ২০১৯

সম্পাদক

বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।

বিষয় : ২০১৮ সালের স্কাউট অ্যাওয়ার্ড ফরম প্রেরণ সম্পর্কীয়।

মহোদয়,

বাংলাদেশে স্কাউট আন্দোলনের উন্নয়ন ও সম্প্রসারণে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ দেশের কৃতি স্কাউটারবৃন্দকে ২০১৮ সালের স্কাউট অ্যাওয়ার্ড মঞ্জুরীর লক্ষ্যে গঠন ও নিয়ম তফসিল-এক এর ৮৬ ধারা অনুযায়ী প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে যোগ্য প্রার্থীর অনুকূলে নির্ধারিত ফরমে সুপারিশ আহবান করা যাচ্ছে।


২। সংশ্লিষ্ট স্কাউটারের কৃতিত্বপূর্ণ (কি কি কাজ করেছেন এবং প্রস্তাবিত অ্যাওয়ার্ডের অনুকূলে যুক্তিযুক্ত) কাজের বিস্তারিত বর্ণনা (Citation) থাকতে হবে, যাতে তাঁর অবদানের যথার্থতা মূল্যায়ন করা যায়। সুপারিশকারী কর্মকর্তা নিজে সাইটেশন লিখবেন। কোনো অবস্থাতেই প্রার্থী কর্তৃক সাইটেশন লেখা যুক্তিযুক্ত নয়।

৩। যোগ্যতাসম্পন্ন কোনো স্কাউটার যাতে অ্যাওয়ার্ড প্রস্তাব থেকে বাদ না পরে অথবা অসম্পূর্ণ আবেদনপত্র যাতে জাতীয় সদর দফতরে পাঠানো না হয় সে বিষয়ে সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ জানাই। অসম্পূর্ণ সুপারিশ ফরম অ্যাওয়ার্ড প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।

৪। ২০১৭ সালে মঞ্জুরকৃত অ্যাওয়ার্ড তালিকা এ সাথে বার্ষিক প্রতিবেদন ২০১৭-২০১৮ বইয়ে অবলোকন করা যেতে পারে। উক্ত অ্যাওয়ার্ড সনদ ও মেডেলসমূহ অচিরেই আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করা হবে।

৫। অ্যাওয়ার্ড ফরম পূরণ করে ফরমের উপরে ডান পার্শ্বে ধারাবাহিক নম্বর দিতে হবে। পর্যায়ক্রমে ন্যাশনাল সার্টিফিকেট, মেডেল অব মেরিট, বার টু দি মেডেল অব মেরিটসহ অন্যান্য অ্যাওয়ার্ড ফরমগুলো ধারাবাহিকভাবে বিন্যাস করে নমুনা টপশিটে (সংযুক্ত ছক অনুযায়ী) জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে।

৬। অ্যাওয়ার্ড প্রস্তাব সংক্রান্ত পূরণকৃত ফরম আগামী ৩০ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে টপশিটের সফট কপি adm@scouts.gov.bd ঠিকানায় এবং অ্যাওয়ার্ড ফরমের হার্ড কপি জাতীয় সদর দফতরে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

  
(আরশাদুল মুকাদ্দিস)  
নির্বাহী পরিচালক  
বাংলাদেশ স্কাউটস

সংযুক্তি : ১। অ্যাওয়ার্ড ফরম;

২। অ্যাওয়ার্ড প্রার্থীদের অঞ্চল ভিত্তিক টপশিটের নমুনা কপি;

৩। বার্ষিক প্রতিবেদন ২০১৭-২০১৮।

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;

২। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;

৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার/রেলওয়ে জেলা/নৌ জেলা/এয়ার জেলা;

সদয় জ্ঞাতার্থে :

১। প্রবান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;

২। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;

৩। জাতীয় উপ-কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।